নাটোর জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মার্চ, ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শাহরিয়াজ, জেলা প্রশাসক, নাটোর।

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর।

তারিখ : ১৮/০৩/২০১৯ খ্রিঃ

সময় : বিকাল ৩-৩০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট -ক

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। জেলার এনজিও সমূহের কার্যক্রমসহ যথারীতি নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সভার কার্যকারিতা বৃদ্ধিকরণ	সভায় এনজিও বিষয়ক সমন্বয় কমিটি'র সভার কার্যকারিতা বিষয়ে আলোচনা হয়। এনজিও নিডা এর নির্বাহী পরিচালক বলেন যে, প্রতিটি এনজিও'র ক্ষেত্রে পৃথক পৃথক ভাবে মাসিক অগ্রগতি পর্যালোচনা করলে সকলেই সকল বিষয়ে অবগত হতে পারবে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর মত প্রকাশ করেন যে, প্রতিটি এনজিও'র ক্ষেত্রে পৃথক পৃথক ভাবে আলোচনা করতে অনেক সময় অতিক্রান্ত হয়; মূলতঃ এনজিও এর নিজস্ব কার্যক্রমের ক্ষেত্রে প্রতিবন্ধকতা, পারস্পরিক সমন্বয়ের প্রয়োজনীয়তা, প্রশাসনিক সহযোগিতা ইত্যাদি বিষয়গুলো নিয়ে সভায় আলোচনা যুক্তিযুক্ত হবে; এতে সময় সংকুলান হবে এবং সভার কার্যকারিতা বৃদ্ধি পাবে। এক্ষেত্রে এনজিও'র মাসিক অগ্রগতি প্রতিবেদন একটি নির্দিষ্ট ছকে সংশ্লিষ্ট মাসের অনুষ্ঠিতব্য সভার পূর্বে কার্যপত্র হিসেবে প্রেরণ করলে সভার আলোচনা প্রাণবন্ত হবে মর্মে তিনি মত প্রকাশ করেন। সভাপতি মহোদয় এনজিও প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, নাটোর জেলায় প্রায় ৭০টি এনজিও কার্যক্রম পরিচালনা করছে; প্রতিটি এনজিও'র কার্যক্রম পৃথক পৃথক ভাবে আলোচনা করতে হলে অধিক সময় ক্ষেপন হয় এবং তা হয়ে উঠে গতানুগতিক। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর এর বক্তব্য যথাযথ এবং যুক্তিযুক্ত বিবেচনা করে সভাপতি উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে এনজিও'র মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে তাৎক্ষনিক একটি নির্দিষ্ট ছক প্রণয়ন করেন (পরিশিষ্ট-খ) এবং প্রণীত ছক মোতাবেক তথ্য সংশ্লিষ্ট মাসের অনুষ্ঠিতব্য সভার পূর্বে কার্যপত্র হিসেবে প্রেরণ করার জন্য নাটোর জেলার সকল এনজিও প্রধানদের অনুরোধ জানান।	সভার কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে প্রণীত ছক মোতাবেক তথ্য সংশ্লিষ্ট মাসের অনুষ্ঠিতব্য সভার পূর্বে কার্যপত্র হিসেবে দাখিল করতে হবে।	এনজিও প্রধান (সকল), নাটোর জেলা

২.	সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা প্রণয়ন	সভায় নিয়মিতভাবে অনুপস্থিত সদস্যদের নিয়ে আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর আজকের সভায় ৪৪ জন এনজিও প্রধান/প্রতিনিধি অনুপস্থিত রয়েছেন মর্মে উল্লেখ করেন। এছাড়াও সভায় সকল এনজিও কর্তৃক নিজ নিজ প্রতিষ্ঠানের অগ্রগতি প্রতিবেদন/কার্যপত্রও দাখিল করা হয়নি। সভাপতি প্রতিমাসের ৭ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ক্ষেত্রে প্রযোজ্য মাসিক অগ্রগতি প্রতিবেদন (পরিশিষ্ট-খ মোতাবেক) এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য এবং সুনির্দিষ্ট কারণ ব্যতিত প্রতিটি সভায় অনুপস্থিত না থাকার জন্য এ জেলার সকল এনজিও প্রধান/প্রতিনিধিদের অনুরোধ জানান। একইসাথে তিনি পরপর ৩টি সভায় অনুপস্থিত এনজিও সদস্য'র তালিকা প্রণয়ন করে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন দপ্তরে প্রেরণের কার্যক্রম গ্রহণের জন্য এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ শাখা)-কে অনুরোধ জানান।	ক) **প্রতিমাসের ৭ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ক্ষেত্রে** প্রযোজ্য মাসিক **অগ্রগতি** প্রতিবেদন **(পরিশিষ্ট-খ** মোতাবেক) এ **কার্যালয়ে** প্রেরণ নিশ্চিত করতে হবে। খ) সুনির্দিষ্ট কারণ ব্যতিত প্রতিটি সভায় উপস্থিত থাকতে হবে। গ) পরপর ৩টি সভায় অনুপস্থিত এনজিও সদস্য'র তালিকা প্রণয়ন করে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন দপ্তরে প্রেরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	ক) এনজিও প্রধান (সকল), নাটোর জেলা **খ)** এনজিও প্রধান **(সকল)**, নাটোর **জেলা** গ) **সহকারী কমিশনার**, সাধারণ শাখা, এ কার্যালয়।
৩.	নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত	সভায় নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে এনজিওগুলোর কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। এনজিও নিজেরা করি-এর অঞ্চল সমন্বয়ক জানান যে, প্রতিষ্ঠানটি নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে সর্বদা তৎপর রয়েছে; প্রতিষ্ঠানটি এ বিষয়ে র‍্যালি ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে। রুম-টু-রিড নামক এনজিও'র প্রতিনিধি জানান যে, নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে সংস্থাটি তৎপর রয়েছে। প্রসঙ্গত তিনি উল্লেখ করেন যে, বাল্য বিবাহ প্রতিরোধের ক্ষেত্রে নলডাঙ্গা উপজেলাধীন পাটুল হাপানিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী কর্তৃক প্রশাসনকে অবহিতকরণসহ প্রতিরোধে উদ্যোগী ভূমিকা গ্রহণ করে। এ বিষয়ে উদ্বুদ্ধকরণসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত বিদ্যালয় এবং সংশ্লিষ্ট ৪ জন শিক্ষার্থীকে ইতোমধ্যে.রুম-টু-রিড সংস্থা সম্মাননা প্রদান করেছে। সভাপতি বলেন যে, নাটোর জেলায় বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি পেয়েছে; তিনি তৃণমূল পর্যায়ে যে সকল এনজিও'র কার্যক্রম চলমান আছে, তাদেরকে নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধের ক্ষেত্রে তথ্য সংগ্রহ এবং প্রশাসনকে অবহিতকরণের বিষয়ে সচেষ্ট থাকার অনুরোধ জানান। একইসাথে তিনি এ বিষয়ে উদ্বুদ্ধকরণসহ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট এনজিও প্রধানদের অনুরোধ জানান। এছাড়াও উপজেলা পর্যায়ের 'নারী নির্যাতন প্রতিরোধ' সেল-এর কার্যক্রম পর্যবেক্ষণ করে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে এনজিও প্রতিনিধিদের অনুরোধ জানান।	ক) নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধের ক্ষেত্রে তথ্য সংগ্রহ এবং প্রশাসনকে অবহিতকরণের বিষয়ে সচেষ্ট থাকতে হবে। খ) নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে উদ্বুদ্ধকরণসহ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। গ) উপজেলা পর্যায়ের 'নারী নির্যাতন প্রতিরোধ' সেল-এর কার্যক্রম পর্যবেক্ষণ করে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।	ক) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর/সংশ্লিষ্ট সকল এনজিও প্রধান, নাটোর জেলা। খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর/ সংশ্লিষ্ট এনজিও প্রধান, নাটোর জেলা। গ) সংশ্লিষ্ট এনজিও প্রধান, নাটোর জেলা।

৪.	মাসিক অগ্রগতি পর্যালোচনা	সভায় বিভিন্ন এনজিও কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়। এনডিপি, সকসস, রুম-টু-রিড, ব্যাপ্টিস্ট মিড মিশন হাসপাতাল, কারিতাস, নিডা, জাগরণী চক্র, নিজেরা করি, এনএসকেএস, সিসিডিবি, রিক, সূর্যমুখী সমাজ কল্যাণ সংস্থা নামক এনজিওগুলোর মাসিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, সততার সাথে কাজ করলে সে কাজের জন্য মনিটরিং এর প্রয়োজন হয় না; দেশের উন্নয়নে সকল প্রতিষ্ঠানকে সততার সাথে নিজ নিজ কার্যক্রম পরিচালনা করতে হবে। তিনি সকল এনজিও প্রধান/প্রতিনিধিদেরকে নিজ নিজ কার্যক্রম সততার সাথে পরিচালনা করতে অনুরোধ জানান।	সকল এনজিও কর্তৃক নিজ নিজ কার্যক্রম সততার সাথে পরিচালনা করতে হবে।	খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর/ সংশ্লিষ্ট এনজিও প্রধান, নাটোর জেলা।
৫.	স্বাস্থ্য বিষয়ক	সভায় স্বাস্থ্য সচেতনা বৃদ্ধি সম্পর্কিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর বলেন যে, অনেক এনজিও স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি পরিচালিত করছে। তিনি তৃণমূল পর্যায়ের বালিকা বিদ্যালয়গুলোতে মেয়েদের মাসিক (ঋতু)কালীন স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। এ সময় ব্যবহারের জন্য প্রয়োজনীয় সেনেটারী সামগ্রী শিক্ষার্থীদের সরবরাহ করার লক্ষ্যে 'সততা স্টোর' এর মত 'স্টোর' প্রতিটি বালিকা বিদ্যালয়ে চালু করে শিক্ষকদের দ্বারা তা পরিচালনা করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন যে, এতে বিদ্যালয়ের মেয়েদের পক্ষে সেনেটারী সামগ্রী সংগ্রহ করা সহজতর হবে এবং তাদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাবে। সভাপতি এ বিষয়ে গুরুত্বারোপ করে বলেন যে, স্বাস্থ্য সচেতন মা-ই পারে স্বাস্থ্য সচেতন জনগোষ্ঠী তৈরী করতে। তিনি নাটোর জেলার প্রতিটি বালিকা বিদ্যালয়ে মেয়েদের সেনেটারী দ্রব্যাদি বিক্রয়ের জন্য 'স্টোর' স্থাপন এবং বিদ্যালয়ের একজন মহিলা শিক্ষকের দ্বারা তা পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে জেলা শিক্ষা অফিসার, নাটোরকে অনুরোধ জানান। একইসাথে এ বিষয়ে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ কিংবা প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের বিষয়ে কর্মসূচি গ্রহণের জন্য তিনি এনজিও প্রধানদের অনুরোধ জানান।	ক) জনসচেতনামূলক কর্মসূচি অব্যাহত রাখতে হবে। খ) স্বাস্থ্য সচেতন 'মা' তৈরীর লক্ষ্যে নাটোর জেলার প্রতিটি বালিকা বিদ্যালয়ে মেয়েদের সেনেটারী দ্রব্যাদি বিক্রয়ের জন্য 'স্টোর' স্থাপন এবং বিদ্যালয়ের একজন মহিলা শিক্ষকের দ্বারা তা পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।	ক) সিভিল সার্জন, নাটোর/সংশ্লিষ্ট এনজিও প্রধান, নাটোর জেলা। খ) জেলা শিক্ষা অফিসার, নাটোর/সংশ্লিষ্ট এনজিও প্রধান, নাটোর জেলা।
৬.	বিবিধ	ক) <u>কল সেন্টার (৩৩৩) :</u> সভায় সরকারি বিভিন্ন সেবা তৃণমূল পর্যায়ে পৌছে দেয়ার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, বর্তমান সরকার জনগণের দোরগড়ায় বিভিন্ন সেবা পৌছে দেয়ার উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় বিনামূল্যে ৩৩৩ নম্বরে ফোন করে যে কোন ব্যক্তি সরকারি সেবা/সহযোগিতা পেতে পারে। সভাপতি তৃণমূল পর্যায়ের সর্বসাধারণের মধ্যে সরকারি সেবা প্রাপ্তির সংক্রান্ত বিনামূলে ৩৩৩ নম্বরে ফোন করার বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য সকল এনজিও প্রধান/প্রতিনিধিদের অনুরোধ জানান।	ক) তৃণমূল পর্যায়ের সর্বসাধারণের মধ্যে সরকারি সেবা প্রাপ্তি সংক্রান্ত বিনামূলে ৩৩৩ নম্বরে ফোন করার বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। খ) যে সকল এনজিও ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম পরিচালনা করছে, সে সকল এনজিও প্রতিনিধিদের ইউনিয়ন পরিষদে পরিচালিত 'গ্রাম আদালত' এর কার্যক্রম	ক) সকল এনজিও প্রধান/প্রতিনিধি, নাটোর জেলা। খ)ইউপি চেয়ারম্যান (সকল), নাটোর/ সংশ্লিষ্ট এনজিও প্রধান/প্রতিনিধি, নাটোর জেলা।

		খ) <u>ইউনিয়ন পরিষদের কার্যক্রম পর্যবেক্ষণ :</u> সভায় ইউনিয়ন পর্যায়ে পরিচালিত বিচারিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয় । সভাপতি বলেন যে, ইউনিয়ন পরিষদে 'গ্রাম আদালত' কার্যক্রম পরিচালিত হয়; এ কার্যক্রমের ফলে অনেক জটিল সমস্যা স্থানীয়ভাবেই সুষ্ঠু সমাধান হয়। তিনি সে সকল এনজিও ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম পরিচালনা করছে, যে সকল এনজিও প্রতিনিধিদের ইউনিয়ন পরিষদে পরিচালিত 'গ্রাম আদালত' এর কার্যক্রম পর্যবেক্ষণ এবং বিচার প্রার্থীদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। গ) <u>সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত বুলেটিন/লিফলেট ইত্যাদি বিতরণ :</u> সভাপতি বলেন যে, জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সরকার এবং অন্যান্য সংস্থা সময়ে সময়ে বিভিন্ন পুস্তিকা/প্রকাশনা/বুলেটিন/লিফলেট জেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করে থাকে। তিনি প্রকাশনার সংশ্লিষ্ট কাজে সম্পৃক্ত এনজিও'র মাধ্যমে সে সমস্ত প্রকাশনা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোরকে অনুরোধ জানান।	পর্যবেক্ষণ এবং বিচার প্রার্থীদের সহায়তা করতে হবে। গ) জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সরকার এবং অন্যান্য সংস্থা সময়ে সময়ে যে সমস্ত পুস্তিকা/প্রকাশনা/বুলেটিন/লিফলেট বিতরণের জন্য জেলা প্রশাসনে প্রেরণ করে, তা সংশ্লিষ্ট কাজে সম্পৃক্ত এনজিও'র মাধ্যমে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গ) জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর/সংশ্লিষ্ট এনজিও প্রধান/প্রতিনিধি, নাটোর জেলা।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭.০৪.১৯

(মোঃ শাহরিয়াজ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
নাটোর।
টেলিফোন ০৭৭১ ৬৬৭৪১
ই-মেইল: dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯০০.০০৬.৩৩.০০২.১৬-৬২১ তারিখ: ২৪ চৈত্র, ১৪২৫ / ০৭ এপ্রিল, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

1. সচিব, সুরক্ষা সেবা/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
3. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
4. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
5. পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
6. উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (প্রতিষ্ঠান শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
7. পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা),বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

8. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, নাটোর।
9. সিভিল সার্জন, নাটোর।
10. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/বাগাতিপাড়া/লালপুর/গুরুদাসপুর/নলডাংগা, নাটোর।
11. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/বাগাতিপাড়া/লালপুর/গুরুদাসপুর/ নলডাংগা, নাটোর।
12. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নাটোর।
13. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
14. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর।
15. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর।
16. ....(সকল সদস্য) নাটোর।
17. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর (কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল)।

(মোঃ মর্তুজা খান) ৭/৪/২০১৯
সহকারী কমিশনার
ও
সদস্য সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
নাটোর।

পরিশিষ্ট "ক"

১৮/০৩/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)

১. জনাব মোমেনা খাতুন, জেলা ব্র্যাক প্রতিনিধি, নাটোর।
২. জনাব প্রবীর কুমার সাহা, জেড.এম, প্রশিকা, নাটোর।
৩. জনাব Stephan Philippi, ব্যাপ্টিষ্ট মিড মিশনস হাসপাতাল, নাটোর
৪. জনাব মোঃ মোজাম্মেল হক, এফ ও.(সিএমএফপি), কারিতাস, নাটোর।
৫. জনাব ফ্লোরা আক্তার, পিও-ইউইপি, রুম টু রিড, নাটোর
৬. জনাব জাহানার বিউটি, নির্বাহী পরিচালক, নিডা সোসাইসি, নাটোর
৭. জনাব শামীমা লাইজু নীলা, আলো, নাটোর।
৮. জনাব এনামুল হক, ডিষ্টিক ম্যানেজার, আশা, নাটোর
৯. জনাব মোঃ আব্দুল আলীম, আর এম, সেতু কুষ্টিয়া, নাটোর।
১০. জনাব ,মোঃ হাসানুজ্জামান, নির্বাহী পরিচালক, লাসটার, নাটোর।
১১. জনাব মোঃ শরিফুল ইসলাম, এরিয়া ম্যানেজার, জাগরনী চক্র ফাউন্ডেশন, নাটোর
১২. জনাব মোঃ রায়হান আলী জেকের, ম্যানেজার, আদিবাসী সমাজ উন্নয়ন সংস্থা, নাটোর।
১৩. জনাব এস এম সেরাজুল ইসলাম, এরিয়া ম্যানেজার, এনডিপি, নাটোর
১৪. জনাব তপন কুমার সরকার, অঞ্চল সমন্বয়ক, নিজেরা করি, নাটোর
১৫. জনাব নিখিল চন্দ্র রায়, সহকারী প্রোগ্রামার, সিধুলাই স্বনির্ভর সংস্থা, গুরুদাসপুর, নাটোর
১৬. জনাব আফরোফা বেগম, সাধারণ সম্পাদক, সচেতন কর্মসহায়ক সংস্থা, নাটোর
১৭. জনাব রওশন আরা শ্যামলী, নির্বাহী পরিচালক, নারী ও শিশু কল্যাণ সোসাইটি(এনএসকেএস), নাটোর
১৮. জনাব সুদীপ মন্ডল, পিও, সিসিডিবি, নাটোর
১৯. জনাব সনাতন চন্দ্র রায়, বি এম, রিক, নাটোর
২০. জনাব মোঃ মনিরুল ইসলাম, একাউন্টস অফিসার, দীপ শিখা সমাজ কল্যাণ সংস্থা, নাটোর
২১. জনাব মোছাঃ আলেয়া খাতুন, নাটোর মুক ও বধির স্কুল, প্রধান শিক্ষক, নাটোর
২২. জনাব আব্দুল মান্নান, প্রোগ্রাম অফিসার, শিসউক, নাটোর, নাটোর।
২৩. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক, হ্যাপি, নাটোর
২৪. জনাব মোছাঃ হোসনে আরা, সভাপতি, সুযমূখী সমাজ কল্যাণ সংস্থা, নাটোর
২৫. জনাব ফিরোজা সুলতানা, সভানেত্রী, রজনীগন্ধা মহিলা সমিতি, নাটোর
২৬. জনাব পারুল নাহার, সভাপতি, দর্পণ সমাজ কল্যাণ সংস্থা,, নাটোর
২৭. জনাব মোঃ ফায়সাল আহম্মেদ আইটি অফিসার, নাটোর
২৮. জনাব রফিকুল ইসলাম, নির্বাহী পরিচালক, রংধনু সমাজ উন্নয়ন সংস্থা, নাটোর।
২৯. জনাব মজিবুর রহমান, জেলা সমন্বয়কারী, খান ফাউন্ডেশন, নাটোর।
৩০. জনাব কছিম উদ্দিন, ইউনিয়ন সমন্বয়কারী, এনডিপি, নাটোর।
৩১. জনাব মোঃ মাহমুদুল হাসান, এরিয়া ব্যবস্থাপক, মানবিক সাহায্য সংস্থা, নাটোর।

পরিশিষ্ট- খ

.... নামক এনজিও'র কর্মসূচি/কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন

মাসের নাম : ..../২০১৯ খ্রি.

ক্রমিক	কর্মসূচি/কার্যক্রম	বাৎসরিক লক্ষ্যমাত্রা ও অর্জন		মাসিক লক্ষ্যমাত্রা ও অর্জন		মন্তব্য/দৃষ্টি আকর্ষণযোগ্য বিষয়
		লক্ষ্যমাত্রা	আলোচ্য মাস পর্যন্ত অর্জন	আলোচ্য মাসের লক্ষ্যমাত্রা	আলোচ্য মাসের অর্জন	
১	২	৩	৪	৫	৬	৭
১.						
২.						